"ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
E-mail : bijoynagarfpo@gmail.com



স্মারককনং: ৫৯.১১.১২০৭.০০০.১১.০০১.২২.১৩৫

তারিখঃ-১৩-১১-২০২২ খ্রি.

# সংশোধিত পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের স্মারকনং -পপঅ/সিসি এসডিপি/PPV-নিয়োগ-৪৮-২/২০২১-২২/২৫৪০ তারিখঃ-১৬/১০/২০২২ খ্রিঃ মোতাবেক ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের অধীন নিম্নবর্ণিত ইউনিয়নের ইউনিট সমূহের অন্তর্ভুক্ত গ্রাম/মহল্লার স্থায়ী বাসিন্দার উল্লিখিত কর্মএলাকার ইউনিট সমূহে "কাজ নেই ভাতা নেই " ভিত্তিতে ২০২২ - ২৩ অর্থ বৎসরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভাবে ০১ (এক)জন করে মোট ১৪ চৌদ্দ) জন ১৮ হতে ৩০ বছর বয়সী বিবাহিতা মহিলা Paid Peer Volunteer নিয়োগের নিমিত্ত নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে নিজ হস্তে/কম্পিউটার টাইপ করা আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম ও ভাতাদি | শূন্য পদের সংখ্যা |
|---|---|---|
| ০১ | মহিলা Paid Peer Volunteer<br>দৈনিক যাতায়ত ভাতা: ৩০০ /-টাকা নাস্তা ভাতা: ১০০/- | ১৪ ( চৌদ্দ ) |

**যোগ্যতা:**

১। কর্মএলাকার (ইউনিয়নের ) স্থায়ী বাসিন্দা এবং বিবাহিত মহিলা ।
২। নূন্যতম এসএসসি অথবা সমমানের পরীক্ষায় পাশ হতে হবে।
৩ । শারিরীক ও মানসিক ভাবে সুস্বাস্থ্যের অধিকারী যোগদানের সময় মেডিকেল সার্টিফিকেট দিতে হবে।
৪। সমাজ কল্যাণমূলক কাজ করতে আগ্রহী।
৫। বয়স সর্বোচ্চ ১৮ হতে ৩০ বৎসর পর্যন্ত।
৬। স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সংক্রান্ত কাজে পূর্ব অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার প্রদান করা হবে।
৭। সন্তুষ্ট স্থায়ী ও দীর্ঘমেয়াদী (LARC&PM) পদ্ধতি গ্রহীতাদের অগ্রাধিকার দেয়া হবে।
৮। দুই সন্তানের অধিক সন্তান বিশিষ্ট দম্পতি অযোগ্য হিসাবে বিবেচিত হবে।
৯। মুক্তিযোদ্ধা পোষ্যদের সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হবে।
১০। ভবিষ্যতে তথ্যের গড়মিল পাওয়া গেলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

**কাজের বিবরণ:**

১। সংশ্লিষ্ট সংশ্লিষ্ট ইউনিটের/কর্মএলাকার বাড়ি পরিদর্শন,কাউন্সেলিং/মোটিভেশন প্রদান।
২। স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহণ ইচ্ছুকদের নিকটস্থ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র/উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রেফার করা ।
৩। নব বিবাহিত দম্পতিদের তথ্য সংগ্রহ ও পরিবার পরিকল্পনা পদ্ধতি সম্পর্কিত কাউন্সেলিং ।
৪। স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পদ্ধতি গ্রহিতাদের নিয়মিত ফলোআপ ও জটিলতার জন্য চিকিৎসকের নিকট প্রেরণ ।
৫। গর্ভবতীদের তালিকা সংগ্রহ,হালনাগাদ করা,গর্ভকালীন সেবার জন্য রেফার এবং প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পদ্ধতির জন্য উদ্বুদ্ধ করা।
৬। কর্মএলাকায় পরিবার পরিকল্পনা পরিদর্শক ও পরিবার কল্যাণ সহকারীর সমন্বয়ে উঠান বৈঠক অনুষ্ঠিত করা।
৭। ইউনিয়ন পর্যায়ে পাক্ষিক ও মাসিক সভায় অংশগ্রহণ করা ।
৮। নির্দিষ্ট ছকে সংশ্লিষ্ট ইউনিয়নের পরিবার পরিকল্পনা পরিদর্শক/পরিবার কল্যাণ সহকারীর নিকট রিপোর্ট প্রদান করা।
৯। নির্ধারিত কর্ম এলাকায় সপ্তাহে ৬ দিন ফিল্ড ভিজিট ও প্রতিদিন ১৫-২০ যুব দম্পতিদের কাউন্সেলিং করা মাসে সর্বোচ্চ ২৫/২৬দিন ফিল্ড ভিজিট /ক্লায়েন্ট রেফার করা ।
১০। প্রতি মাসে ১(এক) দিন ১৫-২০ জোড়া যুব দম্পতিদের নিয়ে উঠান বৈঠক করা এবং উপস্থিতিদের হাজিরা নিশ্চিত করা।
১১। বাড়ী পরিদর্শনের দিন ব্যতিরেকে যে কোন দিন ক্লায়েন্ট রেফার করা(ক্লায়েন্ট রেফার করলে তিনি বিধিমোতাবেক রেফারাল ফি প্রাপ্ত হবেন)।
১২। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত যে কোন দায়িত্ব পালন করতে বাধ্য থাকবেন।

**আবেদন পত্রের সংগে যে সমস্ত কাগজ পত্র দাখিল করতে হবেঃ-**

১। সদ্য তোলা০২(দুই)কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
২। শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
৩। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগারিকত্ব সনদপত্র।
৪। ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
৫। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি।
৬। অভিজ্ঞতার(সমাজকল্যাণ মূলক/চাকুরী) সত্যায়িত সনদ(যদি থাকে)।
৭। মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
৮। প্রার্থী মুক্তিযোদ্ধার কন্যা,কন্যার কন্যা অথবা পুত্রের কন্যা হলে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কিত সকল প্রমানাদি উল্লেখ করতে হবে।

CamScanner

# যে এলাকার মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন।



| ক্রমিক নং | ইউনিয়নের নাম | শূণ্য ইউনিট | শূণ্য ইউনিট অর্ন্তভুক্ত গ্রাম | দম্পতির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | চান্দুরা | ৩/ক ইউনিট | কালিসীমা, রামপুর, রসূলপুর, মানিকপুর, শ্যামপুর, বেকিনগর, ভাটি-কালিসীমা। | ১২৫৮ | |
| | | ৩/খ ইউনিট | পূর্বভাগ, আনন্দগ্রাম, পশারচাঁদ, দূর্গাপুর, কায়স্তপাড়া, গুচ্ছগ্রাম, চাঁনপুর, সাতগাঁও, | ১৩১৪ | |
| ২ | বুধন্তি | ১/ক ইউনিট | বুধন্তি কেনা | ১২৬০ | |
| | | ২/খ ইউনিট | ইসলামপুর দক্ষিণ, শশই, বিন্নিঘাট | ১৫৪৯ | |
| ৩ | পত্তন | ১ নং | বংগেরখলা, গোয়ালখলা, হাওয়াইখলা, কল্যাণপুর, আতকাপাড়া, মশাউড়া, শাহপুর, নখারমুড়া, চাওড়াখলা, ফারেঙ্গাচর, মনিপুর, | ১৩৬৬ | |
| ৪ | ইছাপুরা | ১ নং | কল্যাণপুর, ছোট চাঁনপুর, পয়রাবাড়ি, ফুলবাড়িয়া, বিনন্দপুর, আড়িয়ল, ছয়বাড়িয়া, তুলতলা, দুলালপুর, মাকিমপুর, যাদবপুর, সুলতানপুর, মির্জাপুর | ১৩২১ | |
| | | ২ নং ইউনিট | খাদুরাইল, কুতুবপুর | ৮৩১ | |
| ৫ | চম্পকনগর | ১ নং | ফতেপুর, নুরপুর, জামালপুর, রামচন্দ্রপুর, টানগেরারগাঁও, লামাগেরারগাঁও, ভাইরাবাড়ি, রাজাপুর | ১০৯১ | |
| | | ৩নং | সাটিরপাড়া | ১৪৩৪ | |
| ৬ | পাহাড়পুর | ১/ক ইউনিট | দাড়িয়াপুর, ভুটাংবাড়ি, লামাখাটিংগা | ১৩৫৪ | |
| | | ২/ক ইউনিট | ভিটি দাউদপুর , শ্যামপুর, অলিপুর, মাধবের বাগ, রোপা, শরিফপুর | ১০৯৫ | |
| ৭ | হরষপুর | ২/খ ইউনিট | নিদারাবাদ, তুলাপাড়া, সোনামুড়া, পাঁচগাও, বাগদিয়া, কৈচাপুরা | ২৩০০ | |
| ৮ | সিংগারবিল | ১/খ ইউনিট | মিরাশানী, কাঞ্চনপুর | ১১২১ | |
| ৯ | চরইসলামপুর | ২ নং | ইসলামপুর | ৭৮৬ | |

**শর্তাবলীঃ-**

১। আগামী ১১-১২-২০২২ খ্রিঃ তারিখের মধ্যে (ছুটির দিন ব্যতিত)অফিস চলাকালিন সময়ে মেডিকেল অফিসার (এমসিএইচ এফপি), উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া এর বরাবর সরাসবি আবেদনপত্র উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে রক্ষিত সীলগালাকৃত বাক্সে দাখিল করতে হবে।

২। আবেদন পত্রেঃ ক) প্রার্থীর পূর্ণ নামঃ( বাংলায় ও ইংরেজি BLOCK LETTER)। খ) পিতা/স্বামীর নামঃ গ) মাতার নামঃ- ঘ) পদের নামঃ ঙ) স্থায়ী ঠিকানাঃ-(ইউনিট, ওয়ার্ড, গ্রাম, ইউনিয়ন, উপজেলা, জেলা, এনআইডি নাম্বার এবং মোবাইল নাম্বার উল্লেখ করতে হবে) চ) বর্তমান ঠিকানাঃ ছ) জন্ম তারিখঃ (শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অনুযায়ী) জ) বয়সঃ(০৯-১১-২০২২ খ্রিঃ তারিখে) ঝ) শিক্ষাগত যোগ্যতাঃ ঞ) প্রার্থী মুক্তিযোদ্ধার কন্যা অথবা মুক্তিযোদ্ধার কন্যার কন্যা বা পুত্রের কন্যা হলে মুক্তিযোদ্ধার পূর্ন নাম, স্থায়ী ঠিকানা, মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক প্রমানাদি উল্লেখ করতে হবে। (ট) বৈবাহিক অবস্থা ও সন্তান সংখ্যা উল্লেখ করতে হবে।

৩। অসম্পূর্ন এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৪। ০৯-১১-২০২২ খ্রিঃ তারিখে বয়সঃ ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধার পোষ্যদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর । বয়সের ক্ষেত্রে কোন এফিডেবিট গ্রহনযোগ্য নয়।

৫। আবেদনপত্রের খামের উপর পদের নাম, ইউনিয়নের নাম, ইউনিটের নাম ভিন্ন কালিতে লিখতে হবে।

৬। একটি খামে একাধিক প্রার্থীর আবেদনপত্র গ্রহনযোগ্য হবে না।

৭। কর্ম এলাকায় অবস্থান করতে হবে।

৮। অর্পিত দায়িত্ব পালন এবং কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ নিয়োগ বাতিল করতে পারবে।

৯। স্বেচ্ছায় দায়িত্ব হতে অব্যাহতি চাইলে কমপক্ষে একমাস পূর্বে কর্তৃপক্ষ কে অবহিত করতে হবে।

১০। [illegible] Fam Peer Volunteer [illegible]।

১১। আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে প্রার্থী কে নিজে অবশ্যই স্বাক্ষরসহ পূর্ণ নাম লিখতে হবে।

১২। প্রার্থীকে সাক্ষাৎ কারের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১৩। ১৩-১২-২০২২ খ্রিঃ তারিখ সঠিক আবেদনকারীদের তালিকা উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

১৪। শুধুমাত্র ১০০ ( একশ) নম্বরের মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হবে।

১৫। মৌখিক পরীক্ষার জন্য কোন কার্ড ইস্যু করা হবে না। সঠিক তালিকায় মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় উপজেলা পরিবার পরিকল্পনা ও উপজেলা পরিষদের নোটিশ বোর্ডে টানিয়ে দেওয়া হবে।

১৬। মৌখিক পরীক্ষায় সকল সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে।

১৭। আবেদনপত্রে কোন তথ্য গোপন কিংবা ভুল তথ্যের প্রমাণ পাওয়া গেলে চূড়ান্ত নিয়োগের পরও কর্তৃপক্ষ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

CamScanner

...নন কারণ দর্শানো ব্যতিরেকেই এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

..। যোগদানের সময় শারিরীক ফিটনেস সার্টিফিকেট জমা দিতে হবে।

২০। আবেদনপত্রে নির্ভুল এবং সচল মোবাইল নম্বর আবশ্যিক ভাবে উল্লেখ করতে হবে।

২১। অর্পিত দায়িত্ব পালন এবং কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ নিয়োগ বাতিল করতে পারবেন।

২২। সেচ্ছায় দায়িত্ব হতে অব্যাহতি চাইলে কমপক্ষে একমাস পূর্বে কর্তৃপক্ষকে অবহিত করেত হবে।

২৩। অধিদপ্তর হতে সরবরাহকৃত পোষাক পরিধান করে কর্মএলাকায় কাজ করতে হবে।

২৪। কর্ম এলাকায় অবস্থান করতে হবে।

২৫। Paid Peer Volunteer-দের যোগদানের সময় ৩০০/-(তিনশত)টাকার ননজুডিশিয়াল ষ্ট্যাম্পে নিম্নলিখিত বিষয় সমূহ উল্লেখ পূর্বক অঙ্গীকারনামা দিতে হবেঃ-

ক। সংশ্লিষ্ট কর্মএলাকায় রাজস্বখাতে পঃকঃসহকারী পদে জনবল নিয়োগের ক্ষেত্রে কোনপ্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি করবে না।

খ। Paid Peer Volunteer-পদে দায়িত্ব পালনকালে স্থায়ী করণ এবং জাতীয় বেতন স্কেলে অন্তর্ভুক্তকরণ সংক্রান্ত বিষয়ে কোন দাবী উত্থাপন করবে না।

গ। Paid Peer Volunteer-পদে দায়িত্ব পালনকালে স্থায়ী করণ এবং জাতীয় বেতন স্কেলে অন্তর্ভুক্তকরণ সংক্রান্ত বিষয়ে কোনরুপ আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য আদালতের দারস্থ হবে না।

ঘ। এ নিয়োগ সম্পূর্ন অস্থায়ী,কাজ নাই,ভাতা নাই ভিত্তিতে অপারেশনাল প্ল্যানের মেয়াদকাল(জুন/২০২৩খ্রি.) পর্যন্ত বলবত থাকবে।

ঙ। মেয়াদ শেষে স্বয়ংক্রিয়ভাবে উল্লেখিত নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

চ। নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ভাতাদি সরকারি বিধি মোতাবেক সংশ্লিষ্ট উপজেলা হতে প্রদেয় হবে।

রৌশন আরা ১৩/১১/২২

ডা: রৌশন আরা
মেডিকেল অফিসার (এমসিএইচ এফপি )
ও
সদস্য সচিব
Paid Peer Volunteer নিয়োগ কমিটি
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারককনং: ৫৯.১১.১২০৭.০০০.১১.০০১.২২.১৩৫ তারিখঃ-১৩-১১-২০২২ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

১. সম্পাদক,দৈনিক ইত্তেফাক, উপরে উল্লেখিত পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ১৪-১১-২০২২খ্রি. তারিখের মধ্যে ১(এক)দিনের জন্য প্রকাশের ব্যবস্থা গ্রহণ করে প্রকাশিত পত্রিকার ৩(তিন) কপি নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধকরা হলো।

রৌশন আরা ১৩/১১/২২

ডা: রৌশন আরা
মেডিকেল অফিসার (এমসিএইচ এফপি )
ও
সদস্য সচিব
Paid Peer Volunteer নিয়োগ কমিটি
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

CamScanner